# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**24 JULY 2025** **7:45—7:55 PM IST**

==================================================

১) রাজ্য সরকারের অধীন বিশ্ববিদ্যালয়ের সংখ্যা পর্যায়ক্রমে ১৫ থেকে ২০ তে বৃদ্ধি পাবে বলে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার প্রকাশ ।

২) ভারতীয় প্রযুক্তিবিদ্যা প্রতিষ্ঠান আই আই টি গৌহাটীর এক গবেষক দলের বাম্বুসা টুল্ডা নামের বাঁশের একটি বিশেষ প্রজাতি ব্যাবহার করে পরিবেশ অনুকূল কম্পোজিট মেটেরিয়েল উদ্ভাবন ।

৩) উত্তর-পূর্বাঞ্চলের শ্রোতাদের উপযোগী অনুষ্ঠানসমূহ অধিক আকর্ষণীয় করে তুলতে পারলে বিজ্ঞাপনের মাধ্যমে কেন্দ্রগুলি আয় করতে পারবে বলে আকাশবানীর সঞ্চালক প্রধান ড.প্রজ্ঞা পালিয়ালের মন্তব্য ।

এবং

৪) প্রধানমন্ত্রী আবাস যোজনার অধীনে আগামী ৩১ শে অক্টোবরের মধ্যে রাজ্যে ২৮ লক্ষ গৃহ নির্মাণ নির্মাণ সম্পূর্ন হবে বলে মন্ত্রী রঞ্জিত কুমার দাসের ঘোষনা ।

---

মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ ডিব্রুগড়ে প্রায় ৬০০ কোটি টাকা ব্যয়ে বেশ কয়েকটি প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপন করেন । এরই অংশ হিসেবে মুখ্যমন্ত্রী আজ ডিব্রুগড় বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে একটি অত্যধুনিক ছাত্রী নিবাসের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে মূখ্যমন্ত্রী বলেন যে রাজ্য সরকার রাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে পরিকাঠামো ও আধুনিক প্রযুক্তিতে সুসজ্জিত করার জন্য বিভিন্ন পদক্ষেপ হাতে নিয়েছে । ডিব্রুগড় বিশ্ববিদ্যালয়ে প্রায় ২০০ কোটি টাকা প্রদান করা হয়েছে এবং রাজ্য সরকার ইতিমধ্যে রাজ্যের সবকটি নতুন বিশ্ববিদ্যালয়ে ৫০ কোটি টাকা করে পরিকাঠামো অনুদান দিয়েছে । এরমধ্যে বেশীরভাগ বিশ্ববিদ্যালয়ের পরিকাঠামোর কাজ সম্পূর্ণ হয়ে উঠেছে । বরাক উপত্যকায় একটি নতুন রাজ্য বিশ্ববিদ্যালয় নির্মাণ করা

হবে বলে উল্লেখ করে মূখ্যমন্ত্রী ড.শর্মা বলেন যে পর্যায়ক্রমে রাজ্য সরকারের অধীন বিশ্ববিদ্যালয়ের সংখ্যা ১৫ থেকে ২০ শে বৃদ্ধি পাবে যা আসামের জন্য অত্যন্ত আনন্দের খবর । আজকের অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ড.রণোজ পেগু , চিকিৎসা শিক্ষা ও গবেষণা বিভাগের মন্ত্রী প্রশান্ত ফুকন , শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী বিমল বরা প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

ভারতীয় প্রযুক্তিবিদ্যা প্রতিষ্ঠান আই আই টি গৌহাটীর এক গবেষক দল বাম্বুসা টুল্ডা নামের বাঁশের একটি বিশেষ প্রজাতি ব্যাবহার করে পরিবেশ অনুকূল কম্পোজিট মেটেরিয়েল অর্থাৎ সংমিশ্রিত পদার্থ প্রস্তুত করেছে । উত্তর-পূর্ব ভারতের আর্দ্র এবং উষ্ণ পরিবেশে দ্রুত গতিতে বৃদ্ধি পাওয়া বাঁশের প্রজাতিকে জৈব বিঘ্নিত পলিমারের সঙ্গে সংযোগ করে এই সংমিশ্রিত পদার্থ তৈরী করা হয়েছে । উচ্চ ক্ষমতাসম্পন্ন এবং তাপের স্থিরতাযুক্ত নতুন করে আবিষ্কার করা এই পদার্থ কম আর্দ্রতা শোষণ করা সহ উৎপাদন ব্যয় কম হবার জন্য সাধারণ প্লাষ্টিকের বিকল্প হিসেবে ব্যাবহার করার সম্ভাবনা রয়েছে । মেকানিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক পুনম কুমারীর নেতৃত্বে সম্পন্ন হওয়া এই গবেষণা প্লাষ্টিক আবর্জনা সমস্যার সমাধান করার ক্ষেত্রে ফলপ্রসূভাবে কাজ করবে বলে আশা করা হচ্ছে । ইতিমধ্যে আই আই টি গৌহাটীর গবেষকরা বাম্বুসা টুল্ডা বাঁশের বিশেষ সংযোগী পরীক্ষা সম্পন্ন করেছেন । এই সংমিশ্রিত পদার্থ উন্নত বৈদ্যুতিক পদার্থ ,যান-বাহন ,বিমান ,বহনক্ষম নির্মাণ সামগ্রী ইত্যাদির উৎপাদন ও অংশ নির্মাণের জন্য ব্যাবহার করা হবে । কাঠ, লোহা এবং প্লাষ্টিকের বিকল্প এই পদার্থের নির্মান ব্যায়ও খুব কম হবে বলে অধ্যাপক পুনম কুমারী জানিয়েছেন ।

---

আকাশবাণীর সঞ্চালক প্রধান ডঃ প্রজ্ঞা পালিয়াল গৌড় আজ শিলংয়ে মেঘালয়ের আকাশবাণী কেন্দ্রগুলোর কাজকর্মের পর্যালোচনা করেন । আকাশবাণী শিলং , তুরা , জোয়াই এবং নংষ্টইন কেন্দ্রের আধিকারীক কর্মচারীরা এই পর্যালোচনা বৈঠকে অংশগ্রহণ করেন ।বৈঠকে শ্রী গৌড় আকাশবাণীর কেন্দ্র সমুহের অনুষ্ঠানশৈলীতে অভিনবত্ব সংযোজনের মাধ্যমে বিজ্ঞাপন আহরণের অধিক প্রয়াস চালাতে আধিকারীক কর্মচারীদের নির্দেশ দেন ।তিনি বলেন যে উত্তরপূর্বাঞ্চলের শ্রোতাদের উপযোগী অনুষ্ঠানসমুহ অধিক আকর্ষণীয় করে তুলতে পারলে বিজ্ঞাপনের মাধ্যমে এই কেন্দ্রগুলি আয় করতে পারবে ।ডঃ পালিয়াল আগামীকাল গুয়াহাটী আসবেন এবং আগামী শনিবার তিনি গুয়াহাটীতে আসামের আকাশবাণী কেন্দ্র সমুহের কাজকর্মের পর্যালোচনা করবেন । আগামী ২৭ শে জুলাই তিনি দিল্লী ফিরে যাবেন ।

-----------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী আবাস যোজনার অধীনে আগামী ৩১ শে অক্টোবরের মধ্যে ২৮ লক্ষ গৃহ নির্মাণ সম্পূর্ণ হবে বলে রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী রঞ্জিত কুমার দাস জানান ।মন্ত্রী শ্রী দাস আজ শিবসাগর জেলা আয়ুক্তের সভাকক্ষে এক পর্যালোচনা সভায় অংশগ্রহণ করেন। পরে সাংবাদিকদের সঙ্গে কথাবার্তায় একথা জানিয়ে বলেন যে এই প্রকল্পের অধীনে রাজ্যে ২৮ লক্ষ বাসগৃহের মধ্যে ২১ লক্ষের নির্মান কাজ সম্পূর্ণ হয়েছে এবং বাকী ৭ লক্ষ বাসগৃহের নির্মাণ কাজ অব্যাহত রয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে জেলার যোগাযোগ ব্যবস্থাকে আরো আধুনিক ও উন্নত করার লক্ষ্যে আজ একটি পর্য্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে আয়োজিত সভায় শিলচর-হাইলাকান্দি সড়কের সম্প্রসারন এবং এ সংক্রান্ত জমি অধিগ্রহন করার বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে । সভায় জেলা আয়ুক্ত শ্রী যাদব বলেন যে বীরবল বাজার থেকে শিলচর মেডিকেল কলেজ ও হাসাপাতাল পর্য্যন্ত সড়কটি মিশন মোডে করতে হবে । সভায় জেলা আয়ুক্ত জমি মালিকদের সাথে মানবিক ও স্বচ্ছ পদ্ধতিতে যোগাযোগ বজায় রাখা এবং রাজস্ব বিভাগ , লোক নির্মান বিভাগ ও বিদ্যুৎ বিভাগের মধ্যে সমন্বয় বজায় রাখার নির্দেশ দিয়েছেন ।

-----------------------------------------------------------------------------------------

শিলচর পৌর নিগমের আয়ুক্ত সৃষ্টি সিং-এর পৌরহিত্যে আজ পৌরসভার সভাকক্ষে শহরের বাজার সমিতি , পৌর আধিকারিকদের নিয়ে একটি পর্য্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । সভায় শিলচর পৌর এলাকার বর্জ্য ব্যবস্থাপনার সমাধান , যানজট নিয়ন্ত্রন ও অনিয়ন্ত্রিত ফুটপাত ব্যবসা ও পথচারীদের চলাচলের সমস্যা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে । সভায় পৌর নিগমের কার্য্যবাহী আধিকারীক নরোত্তম শর্মাও উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আগামী ১৫ই অগাষ্ট যথাযোগ্য মর্য্যাদায় স্বাধীনতা দিবস পালনের লক্ষ্যে আজ একটি প্রস্তুতি সভা অনুষ্টিত হয়েছে । জেলা আয়ুক্ত অভিষেক জৈনের পৌরহিত্যে আয়োজিত সভায় জানানো হয় যে এবছর স্বাধীনতা দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠান নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আয়োজিত হবে । সভার সিদ্ধান্ত অনুসারে স্বাধীনতা দিবসের দিন সকালে তথ্য ও জনসংযোগ বিভাগের মাইক যোগে দেশাত্মবোধক সঙ্গীত পরিবেশন , প্রভাত ফেরী , সরকারী-বেসরকারী ভবনে জাতীয় পতাকা উত্তোলন , সাংস্কৃতিক অনুষ্ঠান এবং জেলের

কয়েদি ও হাসপাতালে রোগীদের মধ্যে ফল-মিষ্টি বিতরন করা হবে । সভায় অন্যান্যদের মধ্যে পুলিশ সুপার অমিতাভ সিনহা , বিধায়ক জাকির হোসেন লস্কর প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা মহিলা কংগ্রেসের সভানেত্রী পদে আইনজীবি মমতাজ বেগম দায়িত্বভার গ্রহণ করেছেন । আজ জেলা কংগ্রেস সভাপতি তাপস পুরকায়স্থের পৌরহিত্যে ইন্দিরা ভবনে আয়োজিত এক সভায় মমতাজ বেগমের হাতে এই দায়িত্বভার সমঝে দেওয়া হয়েছে । সভায় প্রবীন কংগ্রেস নেতা সতু রায় সহ দলীয় কর্মকর্তারা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

কালাইনের সিন্দুরা পিকনিক স্পট পর্যটকদের জন্য সাময়িকভাবে বন্ধ করে দেওয়া হয়েছে ।সম্প্রতি সিন্দুরা নদীর জলে ডুবে দুজন যুবকের মৃত্যুর পর কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । জেলা আয়ুক্ত মৃদুল যাদব এই সংক্রান্ত এক নির্দেশ জারি করে বলেন যে প্রয়োজনীয় সাবধানতা ছাড়া এরকম স্থানে মুক্তভাবে চলাফেরা করলে জনসাধারণ বিপদের সম্মুখীন হতে পারে ।এই নির্দেশ অমান্য করলে দূর্যোগ ব্যবস্থাপনা আইনের অধীনে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জেলা আয়ুক্ত জানান ।

---------------------------------------------------------------------------------------

বড়খলা বিধানসভা এলাকার উজান নগরে আজ বজ্রপাতে মুজমিন আহমেদ মজুমদার নামের ১৫ বছরের এক কিশোরের মৃত্যু হয়েছে ।আজ সকালে ক্ষেতের জমিতে হাল চাষ করার সময় বজ্রপাতের ঘটনা সংঘঠিত হয় । পরে বরখলা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের কর্তব্যরত চিকিৎসক কিশোরটিকে মৃত বলে ঘোষণা করে ।

---------------------------------------------------------------------------------------

অসম ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত আর জি বরুয়া অনুর্ধ-১৬ ক্রিকেট প্রতিযোগীতার দক্ষিন অসম জোনের তৃতীয় ম্যাচে ডিমা হাসাও দলের বিরুদ্ধে শ্রীভূমি জেলা দল সুবিধাজনক অবস্থায় রয়েছে । ডিমা হাসাও দল প্রথম দিনের খেলা শেষে মাত্র ৫২ রাণে সব উইকেট হারিয়ে ফলো অন হয়ে দ্বিতীয় ইনিংসে এখনো পর্য্যন্ত দুই উইকেট হারিয়ে ৬৯ রান সংগ্রহ করেছে । এর আগে শ্রীভূমি জেলা দল চার উইকেট হারিয়ে ২০৩ রান সংগ্রহ করে প্রথম ইনিংসের শেষ ঘোষনা করে । জেলা ক্রীড়া সংস্থার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আজ প্রথম দিনের শেষে ডিমা হাসাও দল এখনো ৮৭ রানে পিছিয়ে রয়েছে ।

---------------------------------------------------------------------------------------

লক্ষীপুর জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত দীনেশ প্রসাদ গোয়ালা স্মৃতি প্রাইজমানি নক আউট ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় ইয়ুথ ব্লোমিং ক্লাব ৮-১ গোলে মার ব্রাদার্স দলকে পরাজিত করে।
পয়লাপুর খেলার মাঠে আয়োজিত প্রতিযোগিতার আগামীকালের খেলায় নাৎকিয়াং এফসি খেলবে আর ইউবি দলের বিরুদ্ধে।

---------------------------------------------------------------------------------